



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি)
জাতিসংঘ-৫ শাখা
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.erd.gov.bd

নং-০৯.৪২১.০২৪.০০.০০.০০৩.২০১৭-৯৬

তারিখঃ ২৬ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ
১৪ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ

অফিস আদেশ

পরিবর্তিত বিশ্ব অর্থনৈতিক ব্যবস্থায় বৈদেশিক সহায়তা হ্রাসের প্রেক্ষাপটে বাংলাদেশে উচ্চ অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন ও টেকসই উন্নয়নে বৈশ্বিক অংশিদারিত্ব বৃদ্ধিসহ আন্তর্জাতিক পর্যায়ে দক্ষিণ-দক্ষিণ সহযোগিতার (SSC) উন্নয়ন, প্রসার ও শক্তিশালীকরণ সংশ্লিষ্ট কার্যাদি যথাযথভাবে সম্পন্ন করার লক্ষ্যে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের জাতিসংঘ অনুবিভাগের আওতায় অস্থায়ীভিত্তিতে South-South Cooperation (SSC) সেল গঠন করা হলো।

২। উক্ত সেলের আওতায় দক্ষিণ-দক্ষিণ সহযোগিতা (SSC) সংশ্লিষ্ট কার্যাদি জাতিসংঘ-৫ শাখার মাধ্যমে নিষ্পন্ন হবে এবং এ ধরনের সহযোগিতা সংশ্লিষ্ট তথ্য/উপাত্ত/উদ্ভাবন উল্লেখিত সেলে সংরক্ষিত হবে। জাতিসংঘ-৫ শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সেলের দায়িত্বে থাকবেন। এছাড়া, চাহিদা অনুযায়ী সেলে প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা/কর্মচারী সংযুক্তির মাধ্যমে নিয়োজিত থাকবে।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ শাহীনুর রহমান
সিনিয়র সহকারী প্রধান
ফোন: ৯১৮০৯৪৯

sac-un5@erd.gov.bd
mailshaheenur@gmail.com

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক), প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন বিমানবন্দর, তেজগাঁও, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৪। সদস্য (সিনিয়র সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৫। পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
- ৭। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(পরবর্তী পৃষ্ঠায়-----)